



Embassy of the People's Republic
of Bangladesh
Athens



প্রেস বিজ্ঞপ্তি: গ্রিসে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস- ২০২২ উদযাপন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, এথেন্স ৩১ মার্চ ২০২২ তারিখে স্থানীয় একটি হোটেলে অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করে। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গ্রিসের অভিবাসন ও অ্যাসাইলাম বিষয়ক মন্ত্রী নোটিস মিতারাকি, গ্রিক সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ বিভিন্ন দফতরের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, এথেন্সে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ, স্থানীয় গ্রিক উদ্যোক্তা ও ব্যবসায়ী, গ্রিসের সাংবাদিক, শিক্ষক, গবেষক, সংস্কৃতিকর্মীসহ বিশিষ্ট গ্রিক ব্যক্তিবর্গ, বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, ব্যবসায়ী, জেলা ও বিভাগ ভিত্তিক আঞ্চলিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অভ্যর্থনা অনুষ্ঠানের শুরুতেই গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমদ স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। রাষ্ট্রদূত তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে অতিথিদের শুভেচ্ছা জানান। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা উল্লেখ করেন। তিনি আন্তর্জাতিক অঙ্গণে বাংলাদেশের ভূমিকার কথাও উল্লেখ করেন। বাংলাদেশ ও গ্রিসের মধ্যে বিদ্যমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ৫০ বছর পূর্তিতে অনুমোচিত সম্ভাবনা উন্মুক্ত করার উপর জোর দেন। বিপুল সংখ্যক রোহিঙ্গা শরণার্থীর বাংলাদেশে আশ্রয় গ্রহণ এবং মিয়ানমারের রাখাইন প্রদেশে মানবাধিকার বিষয়ে বাংলাদেশের অবস্থানের প্রতি বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে সমর্থন প্রদানের জন্য বাংলাদেশের রাষ্ট্রদূত গ্রিস এবং অন্যান্য বন্ধু রাষ্ট্রকে ধন্যবাদ জানান। রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসনে তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের জোরালো ভূমিকা রাখার উপর গুরাত্বারোপ করেন।

এরপর, রাষ্ট্রদূত অতিথিদের নিয়ে জাতীয় দিবসের কেক কাটেন। অভ্যর্থনা অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের জন্য বাংলাদেশের ঐতিহ্যভিত্তিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত বিদেশী অতিথিদের বাংলাদেশকে প্রতিনিধিত্বকারী বিশেষ উপহারও প্রদান করা হয়। এ বছর জাতীয় দিবস অভ্যর্থনা উপলক্ষ্যে বিভিন্ন ভাষায় অনুদিত বঙ্গবন্ধুর " অসমাপ্ত আত্মজীবনী"র ও বঙ্গবন্ধুর মহতী জীবন ও কর্মের উপর রচিত বিভিন্ন গ্রন্থের প্রদর্শনীর জন্য "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন করা হয়। এছাড়া, বাংলাদেশের ঐতিহ্যবাহী হস্তশিল্প সামগ্রীরও প্রদর্শনীর আয়োজন করা হয়। আন্তর্জাতিক অঙ্গণে বাংলাদেশের অর্জনকে তুলে ধরে ভিডিওচিত্র প্রদর্শন করা হয়।

অভ্যর্থনায় আগত অতিথিদের বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার পরিবেশন করা হয়।



119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr